

# বুটেক্সে নবীন শিক্ষার্থীদের বরণে কেন্দ্রীয় ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

রাতুল সাহা, কন্ট্রিবিউটিং রিপোর্টার, বুটেক্স

প্রকাশিত: ২০:৫০, ৭ জুলাই ২০২৫



বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে (বুটেক্স) অনুষ্ঠিত হয়েছে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ৫১তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠান। পূর্বনির্ধারিত ঘোষণানুযায়ী, সোমবার (৭ জুলাই) দিনব্যাপী ক্যাম্পাসের অডিটোরিয়ামে এই অনুষ্ঠান আয়োজন করা হয়।

×

বিশ্ববিদ্যালয়ের চারটি অনুষদের অধীন বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে ওরিয়েন্টেশন দুটি পর্বে অনুষ্ঠিত হয়। সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত প্রথম পর্বে ফ্যাকাল্টি অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এবং ফ্যাকাল্টি অব ফ্যাশন ডিজাইন অ্যান্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিংয়ের শিক্ষার্থীরা অংশ নেন। দ্বিতীয় পর্বে দুপুর ২টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ছিল ফ্যাকাল্টি অব টেক্সটাইল ম্যানেজমেন্ট অ্যান্ড বিজনেস স্টাডিজ এবং ফ্যাকাল্টি অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের শিক্ষার্থীদের আয়োজন।



অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব সিদ্দিক জোবায়ের। এছাড়া উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. জুলহাস উদ্দিন, রেজিস্ট্রার অধ্যাপক ড. রাশেদা বেগম দিনা, ছাত্রকল্যাণ পরিচালক অধ্যাপক ড. মো. রিয়াজুল ইসলাম এবং বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানসহ শিক্ষকবৃন্দ।

নবীনদের উদ্দেশে উপাচার্য বলেন, আমাদের লক্ষ্য শিক্ষার্থীদের চার বছরের মধ্যে বিএসসি ডিগ্রি সম্পন্নে সহায়তা করা। এজন্য প্রত্যেককে স্বনির্ভর, নিয়মানুবর্তী ও অধ্যয়নমুখী হতে হবে। পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমেও সক্রিয়ভাবে অংশগ্রহণের মাধ্যমে নিজের সার্বিক বিকাশে মনোযোগী হতে হবে।

তিনি আরও বলেন, অভিভাবকদেরও দায়িত্ব রয়েছে শিক্ষাজীবনের অগ্রগতির বিষয়ে সন্তানের খোঁজখবর রাখা। শিক্ষার্থীরা পূর্বের সফলতার ধারাবাহিকতা বজায় রাখতে পারছে কিনা, সেটাও নজরে রাখা জরুরি।

সিনিয়র সচিব সিদ্দিক জোবায়ের বলেন, দেশের ভেতরে কর্মসংস্থানের সুযোগ তৈরি করে জাতীয় উন্নয়নে কীভাবে অবদান রাখা যায়, তা সর্বদা গুরুত্বের সঙ্গে বিবেচনা করা উচিত। শিক্ষাজীবনের প্রতিটি মুহূর্তকে যথাযথভাবে কাজে লাগাতে হবে। তিনি আরও বলেন, শিক্ষাবান্ধব পরিবেশ ব্যাহত করে— এমন কোনো আচরণ থেকে সবাইকে বিরত থাকতে হবে।

অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীরাও তাদের অনুভূতি প্রকাশ করেন। টেক্সটাইল ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী পারভেজ মোশাররফ রাফি বলেন, আজ আমাদের শিক্ষাজীবনের প্রথম দিন, সেন্ট্রাল ওরিয়েন্টেশনসহ পুরো আয়োজন আমাদের মনে আনন্দের জন্ম দিয়েছে। যেহেতু আমাদের বিভাগটি নতুন, তাই আমরা আশা করছি সিনিয়রদের কাছ থেকে আন্তরিক সহযোগিতা পাব। আমরা চাই একটি আধুনিক, ডিজিটাল ল্যাব-সুবিধাসম্পন্ন, রাজনীতিমুক্ত ও শিক্ষাবান্ধব ক্যাম্পাস।

টেক্সটাইল ফ্যাশন অ্যান্ড ডিজাইন বিভাগের শিক্ষার্থী তাহনিক রহমান বলেন, ঢাকায় পড়াশোনার ইচ্ছা ছিল আমার, বুটেক্সে ভর্তি হতে পেরে খুবই আনন্দিত। আমি ফ্যাশন ডিজাইনে আগে থেকেই আগ্রহী, পছন্দের বিষয়ে পড়তে পারাটা আমার আনন্দকে আরও বাড়িয়ে দিয়েছে।

এর আগে ৪৫তম ব্যাচের জন্য বুটেক্সে সর্বশেষ কেন্দ্রীয় ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছিল। দীর্ঘ ব্যবধানের পর ৫১তম ব্যাচের মাধ্যমে ফের এমন একটি কেন্দ্রীয় ও বর্ণিল আয়োজন হলো। সুন্দর এই অনুষ্ঠানের পর প্রধান অতিথিসহ আমন্ত্রিত অতিথিরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ঘুরে দেখেন এবং শিক্ষার পরিবেশ নিয়ে সন্তোষ প্রকাশ করেন। নবীন শিক্ষার্থীরাও দিনটিকে স্মরণীয় করে রাখতে ছবি তোলেন এবং সহপাঠীদের সঙ্গে পরিচিত হন।